শেখ হাসিনার বাংলাদেশ
'রিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd

মুজিব শতবর্ষ MUJIB 100

নং-২২.০২.০০০০.০০৭.১১.৪৮১.১৬- ৮০৭

তারিখ: ১২/০৯ /১৪২৯ বঙ্গাব্দ
২৭/১২ /২০২২ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

পরিবেশ অধিদপ্তরের অধীনে রাজস্বখাতে অস্থায়ী ভিত্তিতে নিম্নে উল্লিখিত শূন্য পদসমূহ পূরণের জন্য আগ্রহী বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (https://alljobs.teletalk.com.bd/doe বা http://doe.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (Online) ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না। পদের নাম, বয়সসীমা, যোগ্যতা, প্রাপ্য বেতন স্কেল ও অন্যান্য শর্তাবলী নিম্নরূপ:

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা (স্থায়ী/অস্থায়ী) | বেতনস্কেল (জা.বে.স্কেল, ২০১৫ অনুযায়ী) | প্রয়োজনীয় যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | প্রজেকশনিস্ট কাম-ক্যামেরাম্যান | ০১ (এক) টি (স্থায়ী) | ১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক ডিগ্রিসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ০৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা; অথবা কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে অন্যূন ০৮ (আট) বৎসরের অভিজ্ঞতা; অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ফটোগ্রাফিতে ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রি। | **ক্রমিক নং ১ হতে ১০ এ বর্ণিত পদে মেহেরপুর, মাগুরা ও ভোলা জেলা ব্যতিত সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ২। | হিসাবরক্ষক | ৪০ (চল্লিশ) টি (অস্থায়ী) | ১১৩০০-২৭৩০০/- (গ্রেড-১২) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটারে এম এস অফিস এবং এমএস এক্সেলে কাজের সনদ। | |
| ৩। | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | ১৫ (পনের) টি (১২টি স্থায়ী ও ৩টি অস্থায়ী) | ১১০০০-২৬৫৯০/- (গ্রেড-১৩) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেনির বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>(গ) সাঁটলিপি প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন-৮০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন-৫০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন-৩০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন-২৫ শব্দের গতি সম্পন্ন হইতে হইবে। | |
| ৪। | উচ্চমান সহকারী | ০৩ (তিন) টি (স্থায়ী) | ১০২০০-২৪৬৮০/- (গ্রেড-১৪) | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন-৩০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন-২৫ শব্দের গতি সম্পন্ন হইতে হইবে। | |
| ৫। | গবেষণাগার সহকারী | ১২ (বার) টি (অস্থায়ী) | ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫) | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৬। | নমুনা সংগ্রহকারী | ৪৬ (ছেচল্লিশ) টি (অস্থায়ী) | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬ | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ৭। | ডাটা-এন্ট্রি অপারেটর | ৫০ (পঞ্চাশ) টি (৬টি স্থায়ী ও ৪৪টি অস্থায়ী) | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন-২০ শব্দ এবং ইংরেজিতে সর্বনিম্ন-২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে। | |
| ৮। | স্টোর কিপার | ০২ (দুই) টি (১টি স্থায়ী ও ১টি অস্থায়ী) | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন ২য় বিভাগ বা সমমানের সিজিপিএসহ বানিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে এম এস অফিস এবং এম এস এক্সেলে কাজের সনদ। | |
| ৯। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৫ (পাঁচ) টি (২টি স্থায়ী ও ৩টি অস্থায়ী) | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা;<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজিতে সর্বনিম্ন-২০ শব্দ ও বাংলায় সর্বনিম্ন-২০ শব্দের গতি সম্পন্ন হইতে হইবে। | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| ১০। | গাড়ি চালক | ০২ (দুই) টি (১টি স্থায়ী ও ১টি অস্থায়ী) | ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষার উত্তীর্ণ;<br>(খ) হালকা অথবা ভারী যানবাহন চালনার লাইসেন্স; এবং<br>(গ) গাড়ি চালনায় অন্যূন ০২ (দুই) বৎসরের অভিজ্ঞতা। | |
| ১১। | প্রসেস সার্ভার | ০৮ (আট) টি (অস্থায়ী) | ৮৮০০-২১৩১০/- (গ্রেড-১৮) | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | **ক্রমিক নং ১১ হতে ১৩ এ বর্ণিত পদে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ১২। | ক্যাশ সরকার | ০১ (এক) টি (স্থায়ী) | ৮৫০০-২০৫৭০/- (গ্রেড-১৯) | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ১৩। | অফিস সহায়ক | ৯০ (নব্বই) টি (অস্থায়ী) | ৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| | **মোট =** | **২৭৫ (দুইশত পঁচাত্তর) টি (২৭টি স্থায়ী ও ২৪৮টি অস্থায়ী)** | | | |

**<u>নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ</u>**

১. **বয়সসীমা:**
- ০১ ডিসেম্বর ২০২২ তারিখে সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ও সর্বোচ্চ বয়স হবে ১৮-৩০ বৎসর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা, শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম ও সর্বোচ্চ বয়স হবে ১৮-৩২ বৎসর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- **জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখার ২২/০৯/২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারক মোতাবেক ২৫/০৩/২০২০ তারিখে যে সকল প্রার্থীর বয়স সর্বোচ্চ বয়সসীমার মধ্যে ছিল সে সকল প্রার্থীও আবেদন করতে পারবেন।**
- সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ও উচ্চমান সহকারী পদে আবেদনের ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের জন্য বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

২. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

৩. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৪. প্রার্থী নির্বাচনে প্রচলিত জেলা কোটা ও অন্যান্য কোটাসহ সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।

৫. অসত্য/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য নিয়োগ কার্যক্রমের যেকোন পর্যায়ে বা নিয়োগদানের পরেও অসত্য/ত্রুটিপূর্ণ/ভুয়া প্রমাণিত হলে তার দরখাস্ত/নির্বাচন বা নিয়োগ সরাসরি বাতিল বলে গণ্য হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬. **লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/অনাপত্তি/কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক পূরণকৃত Application form সহ প্রতিটির ১টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। দাখিল/উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:**

ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ;

খ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ;

গ) জাতীয় পরিচয়পত্রের ফটোকপি;

ঘ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

ঙ) মুক্তিযোদ্ধা, এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র;

চ) প্রজাতন্ত্রের কর্মে অথবা সরকারি/আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/স্থানীয় কর্তৃপক্ষের অধীনে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত অনাপত্তিপত্রের সত্যায়িত কপি;

ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধার/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র- কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৭. যে সকল প্রার্থীর জাতীয় পরিচয়পত্র (NID) নম্বর রয়েছে সে সকল প্রার্থী অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে NID নম্বর উল্লেখ করবেন। যে সকল প্রার্থীর NID নম্বর নেই সে সকল প্রার্থী NID প্রাপ্তির পর সত্যায়িত কপি জমা দিবেন।

৮. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি স্থগিত/বাতিল/প্রত্যাহার করার অধিকার সংরক্ষণ করে।

৯. নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।

১০. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১১. **<u>আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:</u>**

ক) পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://doe.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:
i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ৫ জানুয়ারি, ২০২৩ সকাল ১০:০০ ঘটিকা।
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ৫ ফেব্রুয়ারি, ২০২৩ বিকাল ০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস-এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ) Online আবেদনপত্রে প্রার্থী তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB।

গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা ও যথার্থতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি **(Picture)** এবং স্বাক্ষর **(Signature) upload** করে আবেদনপত্র **Submit** করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ **Application Preview** দেখা যাবে। আবেদনপত্র **Submit** করা সম্পন্ন প্রার্থী একটি **User ID,** ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি **Applicant's copy** পাবেন। *যদি **Applicant's copy** তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/ পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত **Applicant's copy** তে তার*

*সাম্প্রতিক তোলা রঙিনছবি, নির্ভুলতথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি **PDF copy** ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন।* প্রার্থীর প্রবেশপত্রটি সকল পরীক্ষায় (লিখিত/ব্যবহারিক/মৌখিক) অংশগ্রহনের সময়ে প্রদর্শন করবেন।

Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক ১-২ নং পর্যন্ত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত টাকা মাত্র) ও অনলাইন ফি বাবদ ৩৪/- (চৌত্রিশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৩৩৪ /- (তিনশত চৌত্রিশ) টাকা, ক্রমিক ৩-১০ নং পর্যন্ত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত টাকা মাত্র) ও অনলাইন ফি বাবদ ২৩/- (তেইশ) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ২২৩ /- (দুইশত তেইশ) টাকা এবং ক্রমিক ১১-১৩ নং পর্যন্ত পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত টাকা মাত্র) ও অনলাইন ফি বাবদ ১২/- (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ /- (একশত বার) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গ্রহণ করা হবে না"।

প্রথম SMS: DOE<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DOE ABCDEF

Reply: Applicant's Name, TK- 334/223/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type DOE<space>YES<space>PIN and send to 16222.

দ্বিতীয় SMS: DOE <space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DOE YES 123456
Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DOE Applicationfor Post xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://doe.teletalk.com.bd অথবা DOE Website:www.doe.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS Read করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এ প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষা এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ) শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: DOE<space>Help<space>USER<space>USER ID & Send to 16222.

Example: DOE HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: DOE<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

Example: DOE HELP PIN 12345678

ঝ. বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও পরিবেশ অধিদপ্তরের Website:www.doe.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য Website:www.doe.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

ঞ. অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd বা diradmin@doe.gov.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject-এ Organization Name: DOE, Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।)

ট. **ডিক্লারেশন** :
প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

ঠ. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।

২৯/১২/২০২২
(মোঃ রেজাউল করিম)
পরিচালক (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি